## ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের মার্চ, ২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ **জনাব আশরাফ হোসাইন**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
তারিখ ঃ **২১/০৩/২০২২ খ্রিস্টাব্দ, সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা।**

উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং উপস্থিত বিভাগীয় প্রধানগণের তালিকা পরিশিষ্ট 'খ'

সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান জনাব আশরাফ হোসাইন সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় সম্মানিত সদস্যগণের আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশল অফিস ঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ইজিপি-তে এডিপি-এর ০৪(চার)টি এবং ইউজিডিপি (জাইকা)এর ০৩(তিন)টি প্যাকেজের দরপত্র প্রক্রিয়া চলমান আছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে অতিদ্রুত এডিপি বাস্তবায়ন কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি, সভায় জানান ময়মনসিংহ সদর উপজেলার আওতাধীন কোভিড-১৯ টিকা কার্যক্রম চলমান রয়েছে। টিক কার্যক্রম গতিশীলতা আনয়নের লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যানগণকে স্ব-স্ব ইউনিয়নে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানান। বিভাগীয় অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোনান্তে কোভিড-১৯ টিকা কার্যক্রমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, ও সংশ্লিষ্ট সকল। |
| ০৩ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার জানান, বর্তমানে মাঠে বর্তমানে মাঠে বোরো ফসল রয়েছে। উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের করণীয় সম্পর্কে পরামর্শ দিয়ে যাচ্ছেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক গতিতেই চলছে। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার/ সংশ্লিষ্ট সকল |
| ০৪ | উপজেলা মৎস্য অফিস : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে,জাতীয় মাছ ইলিশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকার কর্তৃক প্রতি বছরের ন্যায় এ বছর ও ১লা নভেম্বর/২০২১ হতে ৩০জুন/২০২২পর্যন্ত ঝাটকা রক্ষা কার্যক্রম শুরু হয়েছে। জাটকা রক্ষা কার্যক্রম অব্যাহত রয়েছে। তাছাড়া মৎস্য চাষীর পুকুর পরিদর্শন, হাট-বাজার পরিদর্শন, মৎস্য খামারের লাইসেন্স প্রদান ও নবায়ন, মৎস্য খাদ্যের নমুনা পরীক্ষাসহ দাপ্তরিক কাজ চলমান রয়েছে। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়ন উপজেলা মৎস্য অফিসার/সংশ্লিষ্ট সকল |
| ০৫ | উপজেলা শিক্ষা অফিস ঃ উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট সকল |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট সকল |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস: দেশব্যাপি গণটিকা কার্যক্রম চলছে। সেবাগ্রাহিতার অসুবিধা না হয় ও সুশৃঙ্খলভাবে টিকা কার্যক্রমের জন্য প্রয়োজনীয় আনসার সদস্য ও গ্রামপুলিশদেরকে সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে সক্রিয় ভুমিকা ও সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন যে, পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ জন্ম মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন পরিবার পরিকল্পনা কমিটির সভা নিয়মিত করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ সংশ্লিষ্ট সকল |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভাল ভাবেই চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট সকল |
| ০৯ | উপজেলা খাদ্য অফিস: উপজেলা খাদ্য কর্মকর্তা জানান যে, আগামী সপ্তাহের মধ্যে খাদ্যবান্ধব কর্মসূচি ১০ টাকা কেজি চালের তালিকা হালনাগাদ করার নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট চেয়ারম্যানগণদের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১০ | উপজেলা সমবায় অফিস: উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট সকল |
| ১১ | উপজেলা নির্বাচন অফিস: উপজেলা নির্বাচন কর্মকর্তা বলেন যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট সকল |
| ১২ | উপজেলা জন-স্বাস্থ্য প্রকৌশল অফিস: উপসহকারী প্রকৌশলী (জন-স্বাস্থ্য) সভায় জানান যে, উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৩ | উপজেলা সমাজসেবা অফিস: উপজেলা সমাজসেবা কর্মকতা সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৪ | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি)সেচ অফিস ঃ উপসহকারী প্রকৌশলী (বিএডিসি)সেচ সভায় বলেন যে সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | জাইকা : সভায় জানান যে, আগামী মাস থেকে ৬টি ক্যাটাগরিতে ৫ম রাউন্ডে প্রশিক্ষণের জন্য বরাদ্দ আসছে। প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য স্থায়ী কমিটির সদস্যগণ কর্তৃক তালিকা প্রস্তুত করে শিডিউল তৈরী করতে হবে। । এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৬ | সিরাক বাংলাদেশ প্রোগ্রাম এসোসিয়েট জনাব সালমা আক্তার সভায় জানান যে, ''এডভোকেসির মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবার মান উন্নত করা "ইউনিয়ন পরিষদের স্বাস্থ্য খাত থেকে পরিবার পরিকল্পনা খাতকে পৃথক করে ন্যূনতম ২০% বাজেট বরাদ্দকরণের জন্য প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে "ইউনিয়ন পরিষদের স্বাস্থ্য খাত থেকে পরিবার পরিকল্পনা খাতকে ২০% বাজেট বরাদ্দ করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ/ইউপি চেয়ারম্যানগণ/সংশ্লিষ্ট সকল |
| ১৭ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পালন উপলক্ষে স্থানীয় সরকার বিভাগ হতে ১,০০,০০০/-(এক লক্ষ)টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত উপজেলা র রাজস্ব তহবিল হতে ব্যয় করার নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার আলোক উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা হয়েছে। বিষয়টি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>উপজেলা নির্বাহী অফিসার আরও বলেন যে, বাংলা ১৪২৯ সালের হাট-বাজার ইজারা প্রদানের জন্য অনুসঙ্গিক ব্যয় ও দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান বিষয়ে উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলন পূর্বক ব্যয় করার নির্দেশনা রয়েছে। হাট-বাজার ব্যবস্থাপনা নীতিমালা-২০১১ এর নির্দেশনা মোতাবেক বাংলা ১৪২৯ সালের হাট-বাজার ইজারা প্রদানের জন্য অনুসঙ্গিক ব্যয় বাবদ ২,২২,৮৪০/টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলন পূর্বক ব্যয় করা হয়েছে। উত্তোলনকৃত অর্থ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এছাড়া আরও বলেন যে, বাংলা ১৪২৯ সালের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ বাবদ জাতীয় পত্রিকা প্রতিদিনের সংবাদ ও লোকাল পত্রিকা দৈনিক ময়মনসিংহ এর বিজ্ঞপ্তি বাবদ (৪৬,৫৭৫+১৩,৬৬২)=৬০২৩৭/- টাকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় উপস্থাপন করেন।<br>প্রধানমন্ত্রীর কার্যালয়ের গুচ্ছগ্রাম-২এর (সিভিআরপি) প্রকল্প, এর আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে মুজিব শতবর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের নিমিত্ত ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ ক শ্রেণী পরিবারের জন্য ৩য় পর্যায় সেমিপাকা গৃহ নির্মাণের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামানা করেন । | বিস্তারিত আলোচনান্তে স্বাধীনাতা সূবর্ণ জয়ন্তী পালন উপলক্ষে ১,০০,০০০/- ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাংলা ১৪২৯ সালের হাট-বাজার ইজারা প্রদানের জন্য অনুসঙ্গিক ব্যয় বাবদ ২,২২৮৪০/-টাকা এবং বিজ্ঞপ্তি বাবদ ৬০,২৩৭/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩য় পর্যায় সেমিপাকা গৃহ নির্মান কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১৮ | সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় বলেন, যে, অত্র উপজেলা পরিষদ নিয়ন্ত্রনাধীন যে সকল পিআইসি/টেন্ডার পরিষদ কর্তৃক অনুমোদিত হয়েছে তা দ্রুত বাস্তায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান এবং উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর কে সরেজমিনে যাচাই-বাছাই করে বিল প্রদানের সুপারিশ করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন যে ২০২১-২২ অর্থ বছরে এডিপি অর্থায়নে প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করেন। | **সিদ্ধান্তঃ**<br>বিস্তারিতআলোচনান্তে,অত্র উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদিত পিআইসি/টেন্ডার দ্রুত বাস্তবায়ন করা সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১৯ | **উপজেলা পরিষদের নিজস্ব তহবিলে নিম্নলিখিত প্রকল্পসমূহ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় (রাজস্ব/উন্নয়ন)ঃ**<br>**বিবিধ ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ঃ উন্নয়ন**<br>**০১। কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, ময়মনসিংহ এর জন্য ১০(দশ)টি সিলিং ফ্যান ক্রয় বাবদ বরাদ্দ- ২৫,০০০/-টাকা।** | আলোচনান্তে উপজেলা রাজস্ব/উন্নয়ন তহবিল হতে প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আশরাফ হোসাইন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৫২.০০৯.০৩.০০১.২০২১.৬৯/১(৪০)

তারিখ ঃ ২১.০৩.২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। বেগম রওশন এরশাদ, মাননীয় বিরোধী দলীয় নেতা ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৯ ময়মনসিংহ-৪, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৭। উপজেলা.............................................কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৮। জনাব.............................................চেয়ারম্যান.............................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৯। জনাব.............................................................................. ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

২১/০৩/২২

(মোঃ সাইফুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা ও
উপজেলা নির্বাহী অফিসার